



বাংলাদেশ জাতীয় জাদুঘর
শাহবাগ, ঢাকা-১০০০।

বা.জা.জা. টেন্ডার নং- ০৮/২০১৭-২০১৮

তারিখ: ০৪/০২/২০১৮ খ্রি।


পুনঃনিলাম বিজ্ঞপ্তি

“বিভিন্ন ধরনের অকেজো/অব্যবহৃত মালামাল নিলামে বিক্রয়ের জন্য পুনঃনিলাম আহ্বান”

বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন ধরনের অকেজো/অব্যবহৃত মালামাল নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে ইচ্ছুক ব্যক্তি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের কাছ থেকে সীলমোহরকৃত নিলাম দর আহ্বান করা যাচ্ছে। নিলাম দরপত্র ক্রয়ের জন্য নিজ নিজ প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে অথবা সাদা কাগজে সম্পূর্ণ নাম ঠিকানা ও মোবাইল নম্বরসহ আবেদন করতে হবে। আগামী ২৬/০২/২০১৮ তারিখ পর্যন্ত জাতীয় জাদুঘর প্রকৌশল হতে প্রতি সেট দরপত্র ৮১,০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরত যোগ্য) ক্রয় করা যাবে। নিলাম দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রি করা হবে না। ২৭/০২/২০১৮ তারিখ বেলা ১২-০০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ জাতীয় জাদুঘরের লবিতে রক্ষিত নিলাম দরপত্র বাঞ্ছা দরপত্র জমা নেয়া হবে। ঐদিনই বেলা ১২:১৫ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।

“অন্যান্য শর্তাবলী”

- ১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক/সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ২। দরপত্র প্রস্তাবে মোট উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ) ভাগ টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সচিব, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা-১০০০ এর অনুকূলে জামানত হিসাবে দর প্রস্তাবের সাথে জমা দিতে হবে। অকৃতকার্য দরদাতার জামানত ফেরত দেয়া হবে।
- ৩। প্রত্যেক আইটেমের একক মূল্য অংকে এবং কথায় লিখতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৪। ক্রমিক নং উল্লেখপূর্বক আলাদাভাবে দরপত্র দাখিল করা যাবে।
- ৫। আগ্রহী নিলাম দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে তালিকা অনুযায়ী অকেজো/অব্যবহৃত নিলামযোগ্য মালামালসমূহ সরেজমিনে বাংলাদেশ জাতীয় জাদুঘরে এসে যেখানে যে অবস্থায় আছে পরিদর্শন করতে পারবেন।
- ৬। নিলাম আদেশ প্রাপ্তির ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে কৃতকার্য দরদাতাকে জামানতের অর্থসহ সমুদয় অর্থ হিসাব শাখায় পরিশোধ করে নিজ খরচে মালামালসমূহ সরিয়ে নিতে হবে। নির্ধারিত সময়ে সমুদয় অর্থ পরিশোধ করে মালামাল ডেলিভারি নিতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্তসহ কার্যাদেশ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ৭। নিলাম আদেশ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে উদ্ধৃত মূল্যের উপর সরকার কর্তৃক নির্ধারিত হারে আয়কর ও ভ্যাট (বর্তমান আয়কর ৫.৫০% এবং ভ্যাট ১৫%) বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা প্রদান পূর্বক মূল চালান জমা দিতে হবে।


মো. সুলহান মাহমুদ
সচিব(রুটিন দায়িত্ব)
বাংলাদেশ জাতীয় জাদুঘর।